R[illegible]. No. WB/SC-320 No. WB/CPS/Raj-5(Part IV)/ 2010

# The Kolkata Gazette

सत्यमेव जयते

*Extraordinary*

**Published by Authority**

ASADHA 16] WEDNESDAY, JULY 7, 2010 [SAKA 1932

PART IV—Bills introduced in the West Bengal Legislative Assembly; Reports of Select Committees presented or to be presented to that Assembly; and Bills published before introduction in that Assembly.

**GOVERNMENT OF WEST BENGAL**
**LAW DEPARTMENT**
**Legislative**
NOTIFICATION

No. 1046-L. —7th July, 2010. —The Governor having been pleased to order, under rule 66 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, the publication of the following Bill, together with the Statement of Objects and Reasons which accompanies it, in the *Kolkata Gazette,* the Bill and the Statement of Objects and Reasons are accordingly hereby published for general information :—

## Bill No. 22 of 2010
## THE WEST BENGAL ADVOCATES WELFARE FUND (AMENDMENT) BILL, 2010.

**A**

**BILL**

*to amend the West Bengal Advocates Welfare Fund Act, 1991.*

WHEREAS it is expedient to amend the West Bengal Advocates Welfare Fund Act, 1991, for the purposes and in the manner hereinafter appearing ; West Ben. Act XIII of 1991.

It is hereby enacted in the Sixty-first Year of the Republic of India, by the Legislature of West Bengal, as follows :—

Short title and commencement.

**1.** (1) This Act may be called the West Bengal Advocates Welfare Fund (Amendment) Act, 2010.

(2) It shall come into force on such date as the State Government may, by notification in the *Official Gezette,* appoint.

Amendment of section 2 of West Ben. Act XIII of 1991.

**2.** In section 2 of the West Bengal Advocates Welfare Fund Act, 1991 (hereinafter referred to as the principal Act), for clause (a), the following clause shall be substituted :—

'(a) "advocate" means an advocate as defined in the Advocates Act, 1961, but does not include an advocate to whom the provisions of this Act do not apply under section 22;'. 25 of 1961.

Amendment of section 18.

**3.** In section 18 of the principal Act,—

(1) for sub-section (4), the following sub-section shall be substituted :—

"(4) The application fee as aforesaid shall be payable with the application for admission as a member of the Fund :

*The West Bengal Advocates Welfare Fund (Amendment) Bill, 2010.*

*(Clauses 4 - 8.)*

Provided that an applicant belonging to the Scheduled Castes or the Scheduled Tribes shall pay an application fee equal to half of such fee.";

(2) in sub-section (5), for the words "the first instalment of the application fee", the words "the application fee" shall be substituted;

(3) after sub-section (5), the following sub-section shall be inserted :—

"(6) If any advocate has admitted as a member of the Fund by way of furnishing false information or by way of misrepresentation at the time of obtaining membership of the Fund, such membership of the Fund of an advocate shall, after giving a reasonable opportunity to show cause as to why his membership shall not be cancelled for such false information or misrepresentation, be cancelled by the Trust Committee and the application fee as aforesaid shall be forfeited.".

Amendment of section 19.

**4.** In section 19 of the principal Act,—

(1) sub-section (2) shall be omitted;

(2) in sub-section (3), for the words, figure and brackets "or the half yearly instalments under sub-section (2) on or before", the words "on or before" shall be substituted;

(3) in sub-section (4), for the words "may be re-admitted", the words "may be reinstated" shall be substituted;

(4) after sub-section (4), the following sub-section shall be inserted :—

"(5) If the membership of the Fund of an advocate has been cancelled under sub-section (6) of section 18, the annual subscription to the Fund as aforesaid shall be forfeited.".

Amendment of section 19A.

**5.** After the first proviso to sub-section (1) of section 19A of the principal Act, the following proviso shall be inserted :—

"Provided further that without prejudice to the provision of the first proviso, no *Vakalatnama* shall be valid unless the stamp is affixed with it.".

Amendment of section 22.

**6.** Clause (a) of section 22 of the principal Act shall be omitted.

Amendment of section 23.

**7.** In section 23 of the principal Act,—

(1) in sub-section (1), for the words "specified in the Schedule", the words "as may be prescribed" shall be substituted;

(2) in sub-section (4), for the words "the period of practice referred to in the Schedule", the words "the period of practice" shall be substituted.

Substitution of new section for section 25A.

**8.** For section 25A of the principal Act, the following section shall be substituted :—

"Printing and distribution of Advocates Welfare Fund Stamp.

25A. (1) The State Government shall be the in-charge of printing the stamps with the emblem of the Trust Committee and shall hand over the same to the Trust Committee.

(2) The Trust Committee shall bear the cost of printing the stamps.

(3) The custody of the stamps shall, after printing, be with the Trust Committee.

(4) The Bar Council shall be the in-charge of distribution of stamps through the Bar Associations of the respective Courts, Tribunals or other authorities in the State, on purchasing the same from the Trust Committee after paying the value thereof less such amount of incidental expenses as the State Government may, by order, specify.

(5) The Bar Association shall purchase the stamps from the Bar Council after paying the value thereof less such amount of incidental expenses as the State Government may, by order, specify.

(6) Every stamp referred to in sub-section (1) shall be of the size 3 cm. x 5 cm. and shall carry the inscription of such value as the State Government may, by order, specify.

*The West Bengal Advocates Welfare Fund (Amendment) Bill, 2010.*

*(Clause 9.)*

(7) The Trust Committee, the Bar Council, and the Bar Associations shall keep proper accounts of stamps in such form, and in such manner, as may be prescribed.".

Omission of Schedule.

**9.** Schedule to the principal Act shall be omitted.

**STATEMENT OF OBJECTS AND REASONS.**

With a view to proper implementation of the West Bengal Advocates Welfare Fund Act, 1991 (West Ben. Act XIII of 1991) (hereinafter referred to as the said Act), certain amendments to the said Act are considered necessary by way of framing a new Bill, namely, the West Bengal Advocates Welfare Fund (Amendment) Bill, 2010.

2. For the purposes as aforesaid apart from certain consequential amendments, it is felt necessary *inter alia* to—

(a) revise the definition of word "advocate" to make it in conformity with the provisions of the Advocates Act, 1961 (25 of 1961);

(b) simplify the process of admission as member of the Advocates Welfare Fund by paying the application fee with the application, instead of paying such fee in instalment;

(c) provide affixation of Advocates Welfare Fund Stamp in every *Vakalatnama* mandatory to make it valid, other than the *Vakalatnama* filed on behalf of the Government;

(d) provide that the membership of a Bar Association is not mandatory for admission as a member of the Advocates Welfare Fund Stamp constituted under section 3 of the said Act;

(e) substitute the existing section 25A of the said Act in order to providing the Trust Committee, the Bar Council and the Bar Association of the respective roles of custody, distribution and accounts of the Advocates Welfare Fund Stamp constituted under section 3 of the said Act.

3. The Bill has been framed with the above objects in view.

4. There is no financial implication involved in the Bill.

KOLKATA,
*The 6th July, 2010.*

RABI LAL MAITRA,
*Member-in-charge.*

By order of the Governor,

MITA BASU ROY,
*Pr. Secy. to the Govt. of West Bengal,*
*Law Department.*

Published by the Controller of Printing & Stationary, West Bengal and printed by Asstt. Supdt. at "secretary to the Governor's Press, Raj bhavan, Kolkata".

পশ্চিমবঙ্গ সরকার
বিধি (সরকারী ভাষা) বিভাগ

২০১০ খ্রীষ্টাব্দের ২২ নং বিধেয়ক
[Bill No. 22 of 2010]

**পশ্চিমবঙ্গ এ্যাডভোকেট কল্যাণ তহবিল (সংশোধন) বিধেয়ক, ২০১০।**
**[The West Bengal Advocates Welfare Fund (Amendment) Bill, 2010.**

উদ্দেশ্য ও হেতুর বিবরণ সহ।

*(৭ই জুলাই, ২০১০)*

# ২০১০ খ্রীষ্টাব্দের ২২ নং বিধেয়ক
# [Bill No. 22 of 2010]

## পশ্চিমবঙ্গ এ্যাডভোকেট কল্যাণ তহবিল (সংশোধন) বিধেয়ক, ২০১০।
## [The West Bengal Advocates Welfare Fund (Amendment) Bill, 2010.]

*পশ্চিমবঙ্গ এ্যাডভোকেট কল্যাণ তহবিল আইন, ১৯৯১ সংশোধনার্থ বিধেয়ক।*

যেহেতু পশ্চিমবঙ্গ এ্যাডভোকেট কল্যাণ তহবিল আইন, ১৯৯১, অতঃপর লিখিত উদ্দেশ্যে ও প্রণালীতে সংশোধন করা সঙ্গত ; ১৯৯১-এর পশ্চিমবঙ্গ ১৩ আইন।

অতএব, ভারত সাধারণতন্ত্রের একষষ্ঠিতম বৎসরে পশ্চিমবঙ্গের বিধানমন্ডল কর্তৃক এতদ্দ্বারা নিম্নরূপে বিধিবদ্ধ হইল ঃ—

সংক্ষিপ্ত নাম ও প্রারম্ভ। ১। (১) এই আইন পশ্চিমবঙ্গ এ্যাডভোকেট কল্যাণ তহবিল (সংশোধন) আইন, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) ইহা, রাজ্য সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্দিষ্ট করিবেন, সেই তারিখে বলবৎ হইবে।

১৯৯১-এর পশ্চিমবঙ্গ ১৩ আইনের ২ ধারার সংশোধন। ২। পশ্চিমবঙ্গ এ্যাডভোকেট কল্যাণ তহবিল আইন, ১৯৯১ (অতঃপর মূল আইন বলিয়া উল্লিখিত)-এর ২ ধারায়, (ক) প্রকরণের স্থলে, নিম্নলিখিত প্রকরণ প্রতিস্থাপিত হইবে ঃ—

'(ক) "এ্যাডভোকেট" বলিতে বুঝায় এ্যাডভোকেট আইন, ১৯৬১-এ যথাপরিভাষিত একজন এ্যাডভোকেট, কিন্তু এরূপ কোন এ্যাডভোকেটকে অন্তর্ভুক্ত করে না যাঁহার প্রতি ২২ ধারা অনুযায়ী এই আইনের বিধানাবলী প্রযোজ্য হয় না। ১৯৬১-র ২৫।

১৮ ধারার সংশোধন। ৩। মূল আইনের ১৮ ধারায়,—

(১) (৪) উপধারার স্থলে, নিম্নলিখিত উপধারা প্রতিস্থাপিত হইবে ঃ—

"(৪) যথাপূর্বোক্ত আবেদনের ফী, তহবিলের একজন সদস্য হিসাবে ভর্তির জন্য আবেদনের সহিত প্রদেয় হইবে ঃ

তবে তফসিলী জাতিসমূহ বা তফসিলী জনজাতিসমূহের অন্তর্ভুক্ত কোন আবেদনকারী ঐ ফীয়ের অর্ধেকের সমান আবেদনের ফী প্রদান করিবেন";

(২) (৫) উপধারায়, "আবেদনের ফীয়ের প্রথম কিস্তি", এই শব্দসমূহের স্থলে, "আবেদনের ফী" এই শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে ;

(৩) (৫) উপধারার পর, নিম্নলিখিত উপধারা সন্নিবেশিত হইবে ঃ—

"(৬) যদি কোন এ্যাডভোকেট তহবিলের সদস্যপদ লাভ করিবার সময় মিথ্যা তথ্য দাখিল করিয়া বা মিথ্যা বিবৃতি দিয়া ঐ তহবিলের সদস্যরূপে ভর্ত্তি হন, ঐ এ্যাডভোকেটের তহবিলের ঐরূপ সদস্যপদ, ঐরূপ মিথ্যা তথ্য দাখিল বা মিথ্যা বিবৃতি দিবার জন্য কেন তাঁহার সদস্যপদ বাতিল করা হইবে না তাহার কারণ দর্শাইবার যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিবার পর, ট্রাস্ট কমিটি কর্তৃক বাতিল করা হইবে এবং যথাপূর্বোক্ত আবেদনের ফী বাজেয়াপ্ত করা হইবে।"।

১৯ ধারার সংশোধন।

৪। মূল আইনের ১৯ ধারায়,—

(১) (২) উপধারা বাদ যাইবে ;

(২) (৩) উপধারায়, "বা ঐ তারিখে বা তাহার পূর্বে (২) উপধারা অনুযায়ী অর্দ্ধ-বার্ষিক কিস্তি" এই শব্দ, সংখ্যা ও বন্ধনীসমূহের স্থলে, "ঐ তারিখে বা তাহার পূর্বে" এই শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে ;

(৩) (৪) উপধারায়, "পুনরায় ভর্তি হইতে পারিবেন" এই শব্দসমূহের স্থলে, "পুনরায় পদে অধিষ্ঠিত হইবেন" এই শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে ;

(৪) (৪) উপধারার পর, নিম্নলিখিত উপধারা সন্নিবেশিত হইবে ঃ—

"(৫) যদি ১৮ ধারার (৬) উপধারা অনুযায়ী কোন এ্যাডভোকেটের তহবিলের সদস্যপদ বাতিল হইয়া যায় তাহা হইলে, যথাপূর্বোক্ত ঐ তহবিলের বার্ষিক চাঁদা বাজেয়াপ্ত হইয়া যাইবে।"।

১৯ক ধারার সংশোধন।

৫। মূল আইনের ১৯ক ধারার (১) উপধারার প্রথম অনুবিধির পর, নিম্নলিখিত অনুবিধি সন্নিবেশিত হইবে ঃ—

"পরন্তু প্রথম অনুবিধির বিধানকে ক্ষুণ্ন না করিয়া, কোন ওকালতনামার সহিত স্ট্যাম্প লাগানো না থাকিলে উহা বৈধ হইবে না।"।

২২ ধারার সংশোধন।

৬। মূল আইনের ২২ ধারার (ক) প্রকরণ বাদ যাইবে।

২৩ ধারার সংশোধন।

৭। মূল আইনের ২৩ ধারায়,—

(১) (১) উপধারায়, "তফসিলে বিনির্দিষ্ট " এই শব্দসমূহের স্থলে, "যেরূপ বিহিত হইবে" এই শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে ;

(২) (৪) উপধারায়, "তফসিলে উল্লিখিত ওকালতির সময়সীমা" এই শব্দসমূহের স্থলে, "ওকালতির সময়সীমা" এই শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।

২৫ক ধারার স্থলে নুতন ২৫ক ধারার প্রতিস্থাপন।

৮। মূল আইনের ২৫ক ধারার স্থলে, নিম্নলিখিত ধারা প্রতিস্থাপিত হইবেঃ—

"এ্যাডভোকেটের কল্যাণ তহবিল স্ট্যাম্পের মুদ্রণ ও বন্টন।

২৫ক। (১) রাজ্য সরকার ন্যাস কমিটির প্রতীক সহযোগে স্ট্যাম্পসমূহের মুদ্রণের ভারপ্রাপ্ত হইবেন এবং উহা ন্যাস কমিটির নিকট হস্তান্তর করিবেন।

(২) ন্যাস কমিটি স্ট্যাম্পসমূহ মুদ্রণের খরচ বহন করিবেন।

(৩) মুদ্রণের পর স্ট্যাম্পের অভিরক্ষা ন্যাস কমিটির উপর অর্পিত হইবে।

(৪) বার কাউন্সিল, স্ট্যাম্পের মূল্য হইতে রাজ্য সরকার, আদেশ দ্বারা, যেরূপ বিনির্দিষ্ট করিবেন সেরূপ আনুষঙ্গিক খরচা বাদ দিয়া, যাহা থাকিবে তাহা উক্ত স্ট্যাম্পসমূহ ন্যাস কমিটির নিকট হইতে প্রদানপূর্বক ক্রয় করিবার পর, রাজ্যের সংশ্লিষ্ট আদালত, ট্রাইবিউন্যাল বা অন্যান্য প্রাধিকারসমূহের বার অ্যাসোসিয়েশনের মাধ্যমে স্ট্যাম্পসমূহের বন্টনের ভারপ্রাপ্ত হইবেন।

(৫) বার অ্যাসোসিয়েশন স্ট্যাম্পের মূল্য হইতে রাজ্য সরকার, আদেশ দ্বারা, যেরূপ বিনির্দিষ্ট করিবেন সেরূপ আনুষঙ্গিক খরচা বাদ দিয়া, যাহা থাকিবে তাহা উক্ত স্ট্যাম্পসমূহ বার কাউন্সিলের নিকট হইতে, প্রদান করিবার পর ক্রয় করিবেন।

(৬) (১) উপধারায় উল্লিখিত প্রত্যেক স্ট্যাম্প ৩ সে.মি. × ৫ সে.মি. মাপের হইবে এবং উহাতে রাজ্য সরকার, আদেশ দ্বারা যেরূপ বিনির্দিষ্ট করিবেন সেরূপ মূল্যের মুদ্রণ থাকিবে।

(৭) ন্যাস কমিটি, বার কাউন্সিল, ও বার অ্যাসোসিয়েশন যেরূপ বিহিত হইবে সেরূপ ফরমে, ও সেরূপ প্রণালীতে স্ট্যাম্পসমূহের যথাযথ হিসাব রক্ষা করিবেন।

তফসিল বাদ যাইবে। ৯। মূল আইনের তফসিল বাদ যাইবে।

**উদ্দেশ্য ও হেতুর বিবরণ।**

পশ্চিমবঙ্গ এ্যাডভোকেট কল্যাণ তহবিল আইন, ১৯৯১ (১৯৯১-এর পশ্চিমবঙ্গ ১৩ আইন) (অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত) যথোচিত রূপায়নের উদ্দেশ্যে, পশ্চিমবঙ্গ এ্যাডভোকেট কল্যাণ তহবিল (সংশোধন) বিধেয়ক, ২০১০ নামক একটি নূতন বিধেয়ক রচনার মাধ্যমে উক্ত আইনে কতিপয় সংশোধন করা আবশ্যক বিবেচিত হইয়াছে।

২। কতিপয় পারিনামিক সংশোধন ছাড়াও যথাপূর্বোক্ত প্রয়োজনার্থে, অন্যান্য বিষয়ের মধ্যে—

(ক) এ্যাডভোকেটস্ আইন, ১৯৬১ (১৯৬১-র ২৫)-র বিধানাবলীর সহিত সঙ্গতিপূর্ণ করিবার জন্য

"এ্যাডভোকেট" শব্দের সংজ্ঞা পুনরীক্ষণ করা ;

(খ) আবেদন ফি কিস্তিতে প্রদান করিবার পরিবর্তে উহা আবেদনের সহিত প্রদান করিবার মাধ্যমে এ্যাডভোকেট কল্যাণ তহবিলের সদস্যরূপে প্রবেশের প্রক্রিয়া সরলীকরণ করা ;

(গ) সরকারের পক্ষে দাখিলীকৃত ওকালতনামা ব্যতীত, বৈধকরণের জন্য প্রত্যেক ওকালতনামায় এ্যাডভোকেট কল্যাণ তহবিল স্ট্যাম্প সংলগ্নকরণ বাধ্যতামূলক করিবার ব্যবস্থা করা ;

(ঘ) উক্ত আইনের ৩ ধারা অনুযায়ী গঠিত এ্যাডভোকেট কল্যাণ তহবিল স্ট্যাম্পের কোন সদস্যরূপে প্রবেশের জন্য কোন বার অ্যাসোসিয়েশনের সদস্যপদ যাহাতে বাধ্যতামূলক না হয়, তাহার ব্যবস্থা করা ;

(ঙ) উক্ত আইনের ৩ ধারা অনুযায়ী গঠিত এ্যাডভোকেট কল্যাণ তহবিল স্ট্যাম্পের অভিরক্ষা, বন্টন ও হিসাবপত্রের ভূমিকা যথাক্রমে ন্যাস কমিটি, বার কাউন্সিল ও বার অ্যাসোসিয়েশন কর্তৃক পালিত হইবার ব্যবস্থা করণার্থ উক্ত আইনের বিদ্যমান ২৫ক ধারার প্রতিস্থাপন করা আবশ্যক বলিয়া বিবেচিত হইয়াছে।

৩। এই উদ্দেশ্যসমূহের প্রতি লক্ষ্য রাখিয়াই এই বিধেয়ক রচিত হইয়াছে।

৪। এই বিধেয়কের সহিত কোন আর্থিক দায়ভার জড়িত নাই।

কলকাতা,
*৬ই জুলাই, ২০১০।*

রবিলাল মৈত্র,
*ভারপ্রাপ্ত সদস্য।*

---

পশ্চিমবঙ্গ মুদ্রণ ও লেখসামগ্রী নিয়ামক কর্তৃক প্রকাশিত ও "রাজ্যপালের সচিবের মুদ্রণালয়ের" সহ অধীক্ষক কর্তৃক মুদ্রিত।